# Class - IV
# Subject - 2nd Language Bengali
## গদ্য : ‘‘ব্যাঘ্র ও পালিত কুকুর’’- ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর

**গদ্যের বিষয়বস্তু :-**

লেখক ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর মহাশয় ‘‘ব্যাঘ্র ও পালিত কুকুর’’গল্পে স্বাধীনতার মাহাত্ম্যের কথা বলেছেন।

এক ক্ষুধার্ত শীর্ণ বাঘের সঙ্গে যখন এক পালিত কুকুরের বন্ধুত্ব হয় তখন সে জানতে পারে যে পালিত কুকুরটি তার প্রভুর গৃহে কাজের বিনিময়ে যথেষ্ঠ আহার ও আদরযত্ন পায়। ক্ষুধার্ত বাঘটি আহারের নিশ্চয়তার জন্য ধনী প্রভুর গৃহে নিরাপত্তার কাজে নিযুক্ত হতে চাইল। কিন্তু হঠাৎই পালিত কুকুরটির গলায় গলবন্ধের দাগ বাঘের চোখে পড়ায় সে জানতে পারল যে দিনের বেলায় তার বন্ধুটি প্রভুর গৃহে শৃঙ্খলবন্দী থাকে। সেই মুহূর্তে বাঘটি তার মত পরিবর্তন করল। সে কুকুরটিকে জানিয়ে দিল যে সে তার মত পরাধীন হয়ে প্রভুর গৃহে বন্দী থাকতে চায় না কারণ সে ভাবল যে নিতান্ত পরাধীন হয়ে সুখে থাকার চাইতে স্বাধীন থেকে কষ্ট পাওয়া তার কাছে অনেক বেশী ভালো। সেইজন্য সে কুকুরটির সঙ্গ ত্যাগ করল।

## Worksheet

**প্রঃ(১) নীচের প্রশ্নগুলির উত্তর লেখো :-**

**‘‘ আমি প্রভুকে বলিয়া , তোমার বন্দোবস্ত করিয়া দিব’’**

ক) এখানে ‘আমি’ বলতে কার কথা বলা হয়েছে ?
খ) সে প্রভুর গৃহে কি কাজ করত ও কেমন সুখে থাকত ?
গ) তার চেহারা কেমন ছিল ?
ঘ) সে কার কাজের বন্দোবস্তের কথা বলেছিল ?
ঙ) সে যার জন্য কাজের ব্যবস্থা করেছিল তাকে কি কষ্ট সহ্য করতে হত ?
চ) গল্পটি থেকে কি শিক্ষা পাওয়া যায় ?

প্রঃ(২ ) শূন্যস্থান পূরণ করো :-

ক) প্রথম ............... পর , ................ কুকুরটিকে কহিল , ভাল ভাই ................. করি , বল দেখি , তুমি ...................... করিয়া , এমন .................. ও .............. হইলে ?

খ) কোনও .................... দিন ,......................... থাকিতে হয়।

গ) রাত্রিতে , ..................... বাটীর ......................... করিতে হয় ।

প্রঃ (৩) সঠিক উত্তরের পাশে টিক ' $\surd$ 'চিহ্ন এবং ভুল উত্তরের পাশে ক্রশ ' X ' চিহ্ন দাও :-

ক) এক স্থূলকায় ব্যাঘ্রের সহিত এক শীর্ণকায় পালিত কুকুরের সাক্ষাৎ হইল ।☐

খ) ব্যাঘ্র কহিল , বোধ , গলবন্ধের দাগ ☐

গ) কুকুর কহিল , রাতের বেলায় বাঁধা থাকি বটে কিন্তু দিনের বেলায় যখন ছাড়া পাই তখন যেখানে ইচ্ছা যেতে পারি ☐

ঘ) কুকুরটি কহিল , আমার অমন সুখে কাজ নাই ☐

ঙ) রাজভোগে থাকা অপেক্ষা স্বাধীন থাকিয়া আহারের ক্লেশ পাওয়া সহস্র গুনে ভালো ☐

## পাঠমালা - Desk Work

**জ্ঞানমূলক প্রশ্ন :- পৃষ্ঠা ৫৩**

**প্রঃ( ১) "এক স্থূলকায় পালিত কুকুরের সহিত , এক ক্ষুধার্ত ব্যাঘ্রের সাক্ষাৎ হইল।"**

(ক) কার সঙ্গে কার সাক্ষাৎ হয়েছিল ?
(খ) কুকুরটির চেহারা কেমন ?
(গ) ব্যাঘ্রের চেহারা কেমন ছিল ?
(ঘ) প্রথম আলাপে ব্যাঘ্রটি কুকুরটিকে কি বলেছিল ?

প্রয়োগমূলক ও ব্যাকরণভিত্তিক প্রশ্ন :- পৃষ্ঠা ৫৫ এবং ৫৬

প্রঃ(গ) নীচের দেওয়া শব্দগুলির বিপরীত শব্দ লিখে তা দিয়ে বাক্য রচনা করো :-

| শব্দ | বিপরীত শব্দ | বাক্য রচনা |
|---|---|---|
| ১) সবল : | | |
| ২) প্রভু : | | |
| ৩) দুঃখ : | | |
| ৪) ইচ্ছা : | | |
| ৫) আদর : | | |

প্রঃ(ঙ) নীচের এলোমেলো করা শব্দগুলিকে সাজিয়ে বাক্য রচনা করো :

| এলোমেলো শব্দ | বাক্য রচনা |
|---|---|
| ১) আহার, মত, আমার, পাও। | |
| ২) রক্ষণাবেক্ষণ, প্রভুর, করিতে, বাটীর, হয়। | |
| ৩) অতিশয়, রৌদ্রে, কষ্ট, পাই, বৃষ্টিতে, ও। | |
| ৪) ক্লেশ, সহ্য, আর, না, হয়। | |
| ৫) বেলায়, বাঁধিয়া, দিনের আমাকে, রাখে। | |

## পাঠমালা :- Reader Book

### বাড়ির কাজ

পাঠ-অভ্যাস : পৃষ্ঠা ৬৩

নৈর্ব্যক্তিক ও ব্যাকরণভিত্তিক প্রশ্নাবলি :-

প্রঃ( ১) নীচের শব্দগুলির অর্থ লেখো :-

স্থূলকায়, ক্ষুধার্ত, সাক্ষাৎ, অহোরাত্র, উদর, রক্ষণাবেক্ষণ, বন্দোবস্ত, ভৃত্য, ক্লেশ, সহস্র।

প্রঃ(৩) নীচের শব্দগুলির পদ পরিবর্তন করো :-

পালিত, ক্ষুধা, আহার, উদর, উপবাসী, দুর্বল, সম্মত, দাগ, মুখ, স্বাধীন।